বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বা/এ
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৫৬৯৩১
e-mail: dgmaccounts1@krishibank.org.bd

## কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

নং-প্রকা/হিসাব-১/১৪(বিএস)/২০১৮-২০১৯/১৮৯(১২০০) তারিখঃ ০৩-০৯-২০১৮খ্রিঃ

১। মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা

২। উপ-মহাব্যবস্থাপক
কর্পোরেট শাখাসমুহ

৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ **২০১৬-২০১৭ অর্থ বছরের ৩০ জুন, ২০১৭ তারিখ ভিত্তিক বার্ষিক হিসাব সমাপনীকালে সাধারণ হিসাবসমুহের উপর নির্ণিত সুদের বিবরণীসহ প্রত্যেকটি হিসাব খাতের জিএল এর ফটোকপি প্রেরণ প্রসঙ্গে**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচেছ।

০২। বার্ষিক হিসাব সমাপনীকালে আন্ত শাখা লেনদেনের জন্য ব্যবহৃত সাধারণ হিসাব খাতসমুহের (১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১১১০, ১১১১, ১১১২, ১১১৩, ১১১৪, ১১১৫ ও ১১১৬) উপর দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে সুদ ধার্য্য করে হিসাবভুক্ত করা হয়। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ২০১৬-২০১৭ অর্থ বছরের ৩০ জুন, ২০১৭ তারিখ ভিত্তিক প্রতিটি শাখা পর্যায়ে উক্ত সুদ ধার্য্যের সঠিকতা নিরূপনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, প্রতিটি শাখা উল্লেখিত সাধারণ হিসাব খাতসমুহের উপর ০১-০৭-২০১৬ হতে ৩০-০৬-২০১৭ তারিখ পর্যন্ত দৈনিক প্রোডাক্ট এর ভিত্তিতে ধার্য্যকৃত সুদ এর বিবরণী সংযুক্ত ছকে এবং প্রত্যেকটি হিসাবখাতের শাখা ব্যবস্থাপক কর্তৃক সত্যায়িত জিএল (জেনারেল লেজার) এর ফটোকপি আগামী ০৬-০৯-২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমুহ শাখা হতে প্রাপ্ত বিবরণীসমুহ এবং সত্যায়িত জিএল এর ফটোকপিসমুহ শাখার কোডের ক্রমানুযায়ী একত্রিত করে আগামী ০৯-০৯-২০১৮ তারিখের মধ্যে অগ্রগামী পত্র সহকারে অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব হেলাল উদ্দিন আহমেদ এর নামে কুরিয়ারযোগে প্রেরণ করবেন। কর্পোরেট শাখাসমুহ সত্যায়িত জিএল (জেনারেল লেজার) এর ফটোকপিসহ সংযুক্ত ছকের বিবরণী সরাসরি অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব হেলাল উদ্দিন আহমেদ এর নামে ০৯.০৯.২০১৮ তারিখে কুরিয়ারযোগে প্রেরণ করবেন। উল্লেখ্য, জিএল এর ফটোকপিতে জিএল এর লাল স্থিতিসমুহ লালকালি দিয়ে চিহ্নিত করে দিতে হবে। জিএল এর প্রতিটি পাতার উপরে শাখার নাম থাকতে হবে। জিএল এর প্রতিটি পাতার সংশ্লিষ্ট কলামসমূহে দিন, গুনফল ও সহিসহ প্রতিটি পাতার নীচে দিনের ও গুনফলের যোগফল থাকতে হবে। যে সকল শাখা ৩০-০৬-২০১৭ তারিখে অনলাইনভুক্ত (লাইভ) ছিল সে সকল শাখা শুধুমাত্র সংযুক্ত ছকে বিবরণী প্রেরণ করবেন।

০৪। বিষয়টি অতি জরুরী।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,
০৩/০৯/১৮
(মোঃ আবু জাফর হাওলাদার)
উপ-মহাব্যবস্থাপক

**সংযুক্ত** ঃ বর্ণনামতে

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপি প্রেরন করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক; **সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে এতদবিষয়ে প্রয়োনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।**

০২। **উপমহাব্যবস্থাপক, আইসিটি সিষ্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো**

০৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

০৪। নথি/মহানথি

**সংযুক্ত ছক**

শাখার নাম ঃ ------------------------

শাখার কোড নাম্বার ঃ ---------------------

অঞ্চলের নাম ঃ --------------------------

### ৩০-০৬-২০১৭ তারিখে হিসাব সমাপনীকালে বিকেবি সাধারন হিসাবসমূহে সুদ ধার্য্যের বিবরনী

| শাখার প্রাপ্ত সুদ | | | প্রকা'কে প্রদানকৃত সুদ | | | নীট প্রাপ্ত সুদ (+)/নীট প্রদানকৃত সুদ (-) (প্রধান কার্যালয়ে প্রেরিত ডেবিট/ক্রেডিট এ্যাডভাইসের টাকার অঙ্কের সাথে মিল থাকতে হবে) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ (৩-৬) |
| ক্রমিক | খাত | ধার্য্যকৃত সুদ | ক্রমিক | খাত | ধার্য্যকৃত সুদ | |
| | | | | | | |
| | মোট | | | মোট | | |

দ্বিতীয় কর্মকর্তার স্বাক্ষর

ব্যবস্থাপকের স্বাক্ষর